

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩২২৫  
আমবাসা, ৬ অক্টোবর, ২০২৩

**এমজিএন রেগায় ডুমুরনগর ব্লকে ৭ লক্ষ ৭৫ হাজার শ্রমদিবস সৃষ্টি**

এমজিএন রেগায় ধলাই জেলার ডুমুরনগর ব্লকে চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৭ লক্ষ ৭৫ হাজার শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১৬ কোটি ৪৩ লক্ষ টাকা। তাছাড়া জেলার রইস্যাবাড়ি ব্লকে এমজিএন রেগায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৩ লক্ষ ৮৭ হাজার শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৮ কোটি ২০ লক্ষ ৪৪ হাজার টাকা। এই কর্মসূচিতে ডুমুরনগর ও রইস্যাবাড়ি ব্লকে কর্মসংস্থানের পাশাপাশি স্থায়ী সম্পদ সৃষ্টি হয়েছে। ধলাই জেলাশাসক ও সমহর্তা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*